

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪. ৭৭৮

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বর্ধিত সংখ্যা বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: ১। সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৭৩৬, তারিখ: ১৫ আগস্ট ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা সূত্রোক্ত স্মারকে ১৬ হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল।

২। মাঠপর্যায়ের প্রাপ্ত অনলাইন আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ২০২৬-২০২৭ অর্থবছরের প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বরাদ্দকৃত বর্ধিত সংখ্যা অনুযায়ী পর্যাপ্ত সংখ্যক অনলাইনে আবেদন জমা পড়েনি। তৎপ্রেক্ষিতে, শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন এবং প্রকৃত সুবিধাভোগীদের অন্তর্ভুক্ত নিশ্চিতকরণের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম চলমান থাকবে।

৩। পূর্বের অনলাইন আবেদন গ্রহণে এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী/শর্তাবলী বলবৎ থাকবে। অনলাইন আবেদন এর লিংক: dss.bhata.gov.bd/online-application

এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরোক্ত বিষয়ে অবহিত করণসহ অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
☎০২-৪৪৮২৬৮০১
dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক (সকল)..........................।
৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)..........................।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)................।
১০. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
১১. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)...................।
১২. অফিস কপি।